গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর
www.parbatipur.dinajpur.gov.bd

স্মারক নং ৩১.০২.২৭৭৭.০০০.২৩.৬৮ | তারিখ: ১৭/০১/২০২৩ খ্রি:।

## ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দের "২০ (একর) পর্যন্ত বদ্ধ জলমহালের ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পার্বতীপুর উপজেলাধীন বদ্ধ জলাশয়/ জলমহাল/ সরকারি পুকুর (২০ একর পর্যন্ত) ১৪৩০-১৪৩২বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ১৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ ৩ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৮ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd ওয়েবসাইটে (Website) প্রবেশ করে অনলাইন (Online) আবেদন ফরম পূরণপূর্বক আবেদনের মূল কপিসহ সীল মোহরকৃত খামে ইজারা আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (Online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচি মোতাবেক আবেদন দাখিল করা যাবে । ইজারাযোগ্য পুকুরের তালিকা, বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, পার্বতীপুর, দিনাজপুর এর নোটিশ বোর্ড এবং www.parbatipur.dinajpur.gov.bd ও acl. parbatipur.dinajpur.gov.bd. ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্যালেন্ডার / সময়সূচি

| অনলাইনে (Online) দরপত্র আবেদনের তারিখ ও সময় | অনলাইনে দাখিলকৃত (Online) আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে দাখিলের স্থান, তারিখ ও সময় |
|---|---|
| ২০/০১/২০২৩ (৬ ই মাঘ) হতে<br>০৮/০২/২০২৩ খ্রি: (২৫ মাঘ) এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর<br>০৯/০২/২০২৩ খ্রিঃ (২৬ মাঘ) হতে ১৩/০২/২০২৩ ইং (৩০ শে মাঘ) ০৩ কার্যাদিবসের মধ্যে<br>সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত |

ইজারার শর্তাবলি:

১। সকল সরকারি বদ্ধ খাস জলমহাল ১৪৩০ হতে ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০৩( তিন) বছর মেয়াদ ইজারা প্রদান করা হবে।

২। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি / সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৩। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি / সংগঠন এবং উক্তরূপ সমিতি / সংগঠন পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর / জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতিঃ ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা / মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা; ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা; ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য; চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি (তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবেন না) আবেদন করতে পারবে। উল্লেখ্য যে, প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বাদে যে সকল নিবন্ধিত সমিতি দরপত্র জমা দিবেন, সে সকল সমিতিকে পুকুর ইজারা প্রদানের ক্ষেত্রে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/ নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি / সংগঠনকে নির্ধারিত ফরমে অনলাইনে (online) আবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনের হার্ড কপির সাথে সংগঠন / সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য আবেদনকারীর ০১ (এক) কপি সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করবেন।

৬। প্রতিটি খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ঠিকানা ও আবেদনকৃত জলমহালের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বেনামে / ভুয়া কোন সমিতির ও সংগঠনের নাম ব্যবহার করে দরপত্র দাখিল করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত সমিতির দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবে। এছাড়া আবেদনকারীকে মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সাথে বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৮। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে সরকারি মূল্যের (তিন বছরের ইজারা মূল্যের) ২০% (বিশ) অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিমিটেড হতে ব্যাংক ড্রাফট (বিডি)/ পে-অর্ডার করে সেই ব্যাংক ড্রাফট (বিডি)/ পে-অর্ডার এর কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতি-কে জামানতের ব্যাংক ড্রাফট (বিডি)/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৯। দরপত্রের সাথে সংযুক্ত প্রয়োজনীয় সনদের ফটোকপি, সনদ প্রদানকারী অফিসার কর্তৃক সত্যায়িত করতে হবে।

১০। বন্দোবস্ত / ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য ১৫ই চৈত্রের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা সংক্রান্ত ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ইজারামূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। সরকারি জলমহাল ইজারা গ্রহণকারী সমিতি / ব্যক্তি সরকারি নিয়ম অনুযায়ী ইজারামূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ১-১১৩৩-০০৪৫-০৩১১ নং কোডে ও ১০% হারে আয়কর ১-১১৪১-০০৬৫-০১১১ নং কোডে জমা প্রদান করবেন।

১১। অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বেই ইজারা দাতাকে নিজ উদ্যোগে ৩০০ (তিনশত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে দরপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১৩। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে জলমহাল বেদখল বা এতে অবৈধ অনুপ্রবেশ না করতে পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১৪। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

১৫। লীজ গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন / সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহিতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। সরকারি জলমহালের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবে না। তিনি নিজে সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৮। কোন মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ ইজারা পাবে না।

১৯। ইজারা কার্যক্রম গ্রহণের পরও সরকার কর্তৃক কোন আদেশ বা পরিপত্র জারি করা হলে তা কার্যকর হবে।

২০। কোন জলমহাল / খাস পুকুর ইজারা প্রদান করা হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে কোন মামলার রায়ে স্বত্বের উদ্ভব হলে / কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারি করা হলে ইজারা মূল্য ফেরত প্রদান করা হবে না বা কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২১। বন্দোবস্ত/ ইজারা এর মেয়াদ ১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হোক না কেন তা ১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।

২২। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

২৩। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৪। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলাশয়ে কেউ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না।

২৫। যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৬। এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

## ১৪৩০-১৪৩২ বাংলা সনের ইজারা যোগ্য জলমহালের তালিকাঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফসিল | | | | সরকারি ইজারা মূল্য (১৪৩০- ১৪৩২ মেয়াদের জন্য) | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজার নাম | খং নং | দাগ নং | পরিমাণ (একরে) | | | |
| ১. | বেলাইচন্ডি | ফুলবাড়ী বিল | সোনাপুকুর | ০১ | ২৫০৮ | ১২.২৩ | ১,৯৯,১৬০/- | ৫০০/- | |
| ২. | বেলাইচন্ডি | বারদিঘী পুকুর | বেলাইচন্ডি | ০১ | ৪৬০৪ | ৬.১২ | ২,৬৬,১৩৫/- | ৫০০/- | |
| ৩. | বেলাইচন্ডি | সোনাপুকুর (৫৭৭) | সোনাপুকুর | ০১ | ৫৭৭ | ০.২৬ | ১৫,০০০/- | ৫০০/- | |
| ৪. | বেলাইচন্ডি | জগন্নাথপুর পুকুর | জগন্নাথপুর | ০১ | ১০১ | ০.৯৪ | ১,৬৭৭২/- | ৫০০/- | |
| ৫. | মন্মথপুর | ছোট দলুয়া পুকুর | দেউল | ০১ | ৪৭০৩ | ০.৪০ | ১০,০০০/- | ৫০০/- | |
| ৬. | মন্মথপুর | খুনিয়াপুকুর | দেউল | ০১ | ৪২২৬ | ৪.০৩ | ৩,৮৮,৯৪০/- | ৫০০/- | |
| ৭. | মন্মথপুর | বাশিহার পুকুর | দেউল | ০১ | ৪৬৩৭ | ৫.০১ | ৫,৫৭,২০৫/- | ৫০০/- | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮. | মন্মথপুর | হাড়ী পুকুর | দেউল | ০১ | ৪৬২০ | ৩.৩৮ | ৫,৫১,৬৯০/- | ৫০০/- | |
| ৯. | মন্মথপুর | ভেলাকোপা পুকুর | দেউল | ০১ | ৪২২৯ | ৪.২৩ | ৪,৯৭,৬২৫/- | ৫০০/- | |
| ১০. | মন্মথপুর | দলুয়া পুকুর (২০৯৭) | দেউল | ০১ | ২০৯৭ | ০.২৯ | ১০,০০০/- | ৫০০/- | |
| ১১. | মন্মথপুর | দেউলী পুকুর | দেউল | ০১ | ২৮৩৪ | ০.০৮ | ২,০০০/- | ৫০০/- | |
| ১২. | মন্মথপুর | দেউলী ডোবা | দেউল | ০১ | ৪৬১৮ | ০.১৮ | ৫,০০০/- | ৫০০/- | |
| ১৩. | মন্মথপুর | ছোট আউতাল পুকুর | দেউল | ০১ | ২৫০৬ | ২.৩৮ | ৩০,৯০০/- | ৫০০/- | |
| ১৪. | মন্মথপুর | বড় চুনিয়াল | দেউল | ০১ | ২৫৬৭ | ৫.৩৭ | ৩,৯৯,৯৭৫/- | ৫০০/- | |
| ১৫. | মন্মথপুর | ছোট চুনিয়াল | দেউল | ০১ | ২৫৭০ | ৪.৭৯ | ২,২৮,৯৫০/- | ৫০০/- | |
| ১৬. | মন্মথপুর | মদন কড়ি | দেউল | ০১ | ৪৮৩৬ | ০.২৩ | ৫,০০০/- | ৫০০/- | |
| ১৭. | মন্মথপুর | বর্গহাগা পুকুর | তাজনগর | ০১ | ৬২২৭ | ০.৯৪ | ২০,০০০/- | ৫০০/- | |
| ১৮. | মন্মথপুর | নলকাটা পুকুর | তাজনগর | ০১ | ৭৬৪৬ | ০.৫১ | ১৫,০০০/- | ৫০০/- | |
| ১৯. | মন্মথপুর | তাজনগর পুকুর ২ | তাজনগর | ০১ | ৬৫০০ | ০.১৪ | ৫,০০০/- | ৫০০/- | |
| ২০. | মন্মথপুর | তাজনগর পুকুর ৪ | তাজনগর | ০১ | ৭৫৩০/৯৫২২ | ০.৮৭ | ২০,০০০/- | ৫০০/- | |
| ২১. | মন্মথপুর | ভরারদহ বিল | তাজনগর | ০১ | ৬৬২৩ | ২.৬২ | ২৪,২৭৫/- | ৫০০/- | |
| ২২. | মন্মথপুর | সুরদহ বিল | তাজনগর | ০১ | ৬৫৬৮ | ২.৩৬ | ২১,৫১৫/- | ৫০০/- | |
| ২৩. | মন্মথপুর | তাজনগর বিল | তাজনগর | ০১ | ৬২৫০ | ০.৬০ | ১৭,০০০/- | ৫০০/- | |
| ২৪. | মন্মথপুর | তাজনগর পুকর ৫ | তাজনগর | ০১ | ৭৫৩১ | ০.৬৮ | ১৩,০০০/- | ৫০০/- | |
| ২৫. | মন্মথপুর | ডোগরি বিল (৬০৫) | তাজনগর | ০১ | ৬০৫ | ০.৪৯ | ৮৮৮৫/- | ৫০০/- | |
| ২৬. | মন্মথপুর | মজের পুকুর | দেউল | ০১ | ২৬২৪ | ৩.৬০ | ২,২০,৬৭৫/- | ৫০০/- | |
| ২৭. | রামপুর | শালপুকুর ২ | সিঙ্গিমারী | ০১ | ২৬৭১ | ০.৩৭ | ৭,৮৩৫/- | ৫০০/- | |
| ২৮. | রামপুর | সিঙ্গিমারী পুকুর | সিঙ্গিমারী | ০১ | ৪৫০৩ | ০.৩৫ | ৭,৮৩৫/- | ৫০০/- | |
| ২৯. | রামপুর | মনি পুকুর | সিঙ্গিমারী | ০১ | ২৯৮৩ | ০.৭০ | ৩৩,২১৫/- | ৫০০/- | |
| ৩০. | রামপুর | জারীতন পুকুর | রঘুনাথপুর | ০১ | ৯১০৩ | ০.২৬ | ১০,০০০/- | ৫০০/- | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩১. | রামপুর | রঘুনাথপুর পুকুর (৯১২৪) | রঘুনাথপুর | ০১ | ৯১২৪ | ০.৫৬ | ১১,০৫০/- | ৫০০/- | |
| ৩২. | রামপুর | রঘুনাথপুর পুকুর (৭৪৬৩) | রঘুনাথপুর | ০১ | ৭৪৬৩ | ০.১০ | ২,০০০/- | ৫০০/- | |
| ৩৩. | রামপুর | পানধোয়া পুকর | রঘুনাথপুর | ০১ | ৯০৬৯ | ০.১১ | ২,০০০/- | ৫০০/- | |
| ৩৪. | রামপুর | ডেবীডুবা পুকুর | রঘুনাথপুর | ০১ | ৯১৬৩ | ০.৫১ | ১৭,০০০/- | ৫০০/- | |
| ৩৫. | রামপুর | রঘুনাথপুর পুকুর (৯৮০০) | রঘুনাথপুর | ০১ | ৯৮০০ | ০.৩৩ | ১৫,০০০/- | ৫০০/- | |
| ৩৬. | রামপুর | পাটনি পুকর | ভোট গাছ | ০১ | ৫৮৭৮ | ১.২৫ | ২২,০৭০/- | ৫০০/- | |
| ৩৭. | রামপুর | হাট পুকুর | ভোটগাছ | ০১ | ৪৪৭৫ | ২.৯১ | ২১,৫২০/- | ৫০০/- | |
| ৩৮. | রামপুর | জুম্মা পুকুর | ভোট গাছ | ০১ | ৩১৬৮ | ১.২১ | ৯৯৫০/- | ৫০০/- | |
| ৩৯. | রামপুর | হাড়ি পুকুর | রামপুর | ০১ | ৮৩৯৪ | ০.৭৪ | ২৫,০০০/- | ৫০০/- | |
| ৪০. | পলাশবাড়ী | পুকুর | ধোবাকল | ০১ | ৭৭৭৩ | ১.৬৩ | ৩০,০০০/- | ৫০০/- | |
| ৪১. | পলাশবাড়ী | হাগুরা পুকুর | দর্গাপাড়া | ০১ | ৩৯৬০ | ০.২৯ | ৫৩০০/- | ৫০০/- | |
| ৪২. | পলাশবাড়ী | দর্গাপাড়া পুকুর | দর্গাপাড়া | ০১ | ৫৪৫২ | ১.০৪ | ১৩,২৫০/- | ৫০০/- | |
| ৪৩. | পলাশবাড়ী | আটরাই পুকুর | আটরাই | ০১ | ৯৯৫ | ০.৫১ | ১৭,০০০/- | ৫০০/- | |
| ৪৪. | পলাশবাড়ী | ধোবাকল পুকুর (৭৭৭২) | ধোবাকল | ০১ | ৭৭৭২ | ০.৭৭ | ৭,১৭৫/- | ৫০০/- | |
| ৪৫. | পলাশবাড়ী | খাল | চকবোয়ালি | ০১ | ৭৭৪৭ | ২.৯৩ | ৫০,০০০/- | ৫০০/- | |
| ৪৬. | চন্ডিপুর | তুরকানী পুকুর | কালিকাবাড়ী | ০১ | ৫৪৬ | ০.৫১ | ১৬,৮৩০/- | ৫০০/- | |
| ৪৭. | চন্ডিপুর | ডুমুর পুকুর | দঃ সালন্দার | ০১ | ৪১৩৯ | ২.২৭ | ৫৫,১৭০/- | ৫০০/- | |
| ৪৮. | মোমিনপুর | জুড়াই পুকুর (৭১৬) | জুড়াই | ০১ | ৭১৬ | ০.২৯ | ১২,০০০/- | ৫০০/- | |
| ৪৯. | মোমিনপুর | জুড়াই পুকুর (৩৫৬) | জুড়াই | ০১ | ৩৫৬ | ০.৭৭ | ১৬,৫৫০/- | ৫০০/- | |
| ৫০. | মোমিনপুর | জুড়াই দামুয়া পুকুর | জুড়াই | ০১ | ৫৯ | ১.১৩ | ৬৮,৯৬০/- | ৫০০/- | |
| ৫১. | মোস্তফাপুর | দলুয়া পুকুর (৭৪৮) | চকযামিনী | ০১ | ৭৪৮ | ০.৪১ | ৫,০৮০/- | ৫০০/- | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫২. | মোস্তফাপুর | দত্ত গাছা পুকুর | চকযামিনী | ০১ | ৩৭২ | ১.২৫ | ৩৮,৬১৮/- | ৫০০/- | |
| ৫৩. | মোস্তফাপুর | যুক্তি পুকুর | চকযামিনী | ০১ | ৩৭৯ | ০.৫৫ | ৬৪০০/- | ৫০০/- | |
| ৫৪. | মোস্তফাপুর | মহবপুর জমির পিড়িপুকুর | মহবপুর | ০১ | ১৩৮৯ | ০.৪৯ | ১১,০৯০/- | ৫০০/- | |
| ৫৫. | মোস্তফাপুর | সাত মারী | মহবপুর | ০১ | ৪৪৮ | ১.০৪ | ১৩,২৫০/- | ৫০০/- | |
| ৫৬. | মোস্তফাপুর | অসুর কোট পুকুর (২৬২) | অসুরকোর্ট | ০১ | ২৬২ | ০.০৮ | ২,০০০/- | ৫০০/- | |
| ৫৭. | মোস্তফাপুর | চন্দনকুড়ি | পঃ বাজিতপুর | ০১ | ৪৫ | ০.৭৩ | ১১,০৫০/- | ৫০০/- | |
| ৫৮. | মোস্তফাপুর | কামার গুড়ি | পঃ বাজিতপুর | ০১ | ৩৪৭ | ০.৯৬ | ১০,৫০০/- | ৫০০/- | |
| ৫৯. | মোস্তফাপুর | উছরা পুকুর | শিবরামপুর | ০১ | ৩৯ | ০.৬৮ | ২৩,০০০/- | ৫০০/- | |
| ৬০. | মোস্তফাপুর | তুলাকুড়ি পুকুর | শিবরামপুর | ০১ | ৪৮৭ | ০.৪০ | ১৫,০০০/- | ৫০০/- | |
| ৬১. | মোস্তফাপুর | পুকুর | পলিকাপুর | ০১ | ৪৩ | ০.৬৪ | ৫,৫৫০/- | ৫০০/- | |
| ৬২. | মোস্তফাপুর | পকি পুকুর | বড় রামচন্দ্রপুর | ০১ | ৭২৯ | ০.৫৯ | ২০,০০০/- | ৫০০/- | |
| ৬৩. | মোস্তফাপুর | হাড়িপুকুর দাগ:(১৪) | পঃ সুলতানপুর | ০১ | ১৪ | ১.০২ | ২১,০০০/- | ৫০০/- | |
| ৬৪. | মোস্তফাপুর | সরপাহার পুকুর | বড়দল | ০১ | ৪৮ | ৩.৭৯ | ৪৮,০০০/- | ৫০০/- | |
| ৬৫. | মোস্তফাপুর | বুড়া দিঘি | বড়দল | ০১ | ১৭৭ | ৫.১৩ | ৬০,৬৮৫/- | ৫০০/- | |
| ৬৬. | মোস্তফাপুর | হাট পুকুর | বড়দল | ০১ | ১৭৬/৯৬৮ | ৩.৯৪ | ৪৯,১০০/- | ৫০০/- | |
| ৬৭. | হাবড়া | হাবড়া পুকুর ৪০২২ | হাবড়া | ০১ | ৪০২২ | ০.০৭ | ২,০০০/- | ৫০০/- | |
| ৬৮. | হাবড়া | হাবড়া পুকুর ২৯৯৩ | হাবড়া | ০১ | ২৯৯৩ | ০.২৪ | ৪,৪১৫/- | ৫০০/- | |
| ৬৯. | হাবড়া | হাবড়া পুকুর ৫ | হাবড়া | ০১ | ১১৯ | ১.৩১ | ২৩,১৭০/- | ৫০০/- | |
| ৭০. | হাবড়া | সাত তলিয়া পুকুর | হাবড়া | ০১ | ৩৬০ | ১.৩৯ | ১৩,৮০০/- | ৫০০/- | |
| ৭১. | হাবড়া | শেরপুর পুকুর | শেরপুর | ০১ | ২৩৫৯ | ০.১৪ | ২,০০০/- | ৫০০/- | |
| ৭২. | হাবড়া | বিল | মরনাই | ০১ | ১৪২৫ | ১৭.৯৯ | ২,০০০০০/- | ৫০০/- | |
| ৭৩. | হাবড়া | পুকুর ৫০৭২ | মরনাই | ০১ | ৫০৭২ | ০.৭৮ | ২০,০০০/- | ৫০০/- | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭৪. | হাবড়া | ভুত পুকুর | হাবড়া | ০১ | ৪৬৩৯ | ১.৬১ | ২২,০৭০/- | ৫০০/- | |
| ৭৫. | হামিদপুর | জব্বরপাড়া পুকুর | জব্বরপাড়া | ০১ | ১০৩ | ০.১০ | ২,০০০/- | ৫০০/- | |
| ৭৬. | হরিরামপুর | শুকার পুকুর | মধ্যপাড়া | ০১ | ৩৯০ | ১.০৪ | ৭,২০০/- | ৫০০/- | |
| ৭৭. | পৌর | দামুয়া পুকুর | খামার জগন্নাথ পুর | ০১ | ৩১৭ | ২.৫১ | ৭৭,২৪০/- | ৫০০/- | |
| ৭৮. | মন্মথপুর | চরেয়া পুকুর | তাজনগর | ০১ | ৬৩৬১ | ১.৬৯ | ১৬,৫৬০/- | ৫০০/- | |
| ৭৯. | মন্মথপুর | ভেরভেরী বিল | তাজনগর | ০১ | ৬৫৫২ | ১.০৮ | ৩০,০০০/- | ৫০০/- | |

১৭/০৭/২০২৫

(মোঃ মাহমাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর
ফোন ০৫৩৩৪৭৪২৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পার্বতীপুর, দিনাজপুর।
prabatipur.dinajpur.gov.bd

স্মারক নং-৩১.০২.২৭৭৭.০০১.০১.০০১.২০২৩.৭৭ তারিখ :১৭/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য দিনাজপুর ৫ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পার্বতীপুর, দিনাজপুর ।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ।
০৫। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো ।
০৬। উপজেলা ........................................................ কর্মকর্তা (সকল), পার্বতীপুর, দিনাজপুর । তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো ।
০৭। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ (সকল),পার্বতীপুর, দিনাজপুর । তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশসহ ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ ইউনিয়ন ভূমি অফিস, (সকল) পার্বতীপুর, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারান্তে প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো ।
০৯। এ কার্যালয়ের নোটিশ বোর্ড ।
১০। অফিস কপি ।

১৭/০১/২০২৩

(মোঃ মাহমাদুল হাসান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর
১৭.০১.২০২৩